



## কানাডার সঙ্গে বাণিজ্য আলোচনা স্থগিতের ঘোষণা দিলেন ট্রাম্প



সংগৃহীত ছবি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রতিবেশী কানাডার সঙ্গে সব বাণিজ্য আলোচনার অবিলম্বে স্থগিত ঘোষণা দিয়েছেন। শুক্রবার (২৪ অক্টোবর) তিনি নিজের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালের এ সিদ্ধান্তের কথা জানান। খবরটি জানিয়েছে বিবিসি।

ট্রাম্প পোস্টে উল্লেখ করেছেন, “কানাডা সম্প্রতি এমন একটি প্রচার চালিয়েছে, যেখানে সাবেক প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান শুল্ক নিয়ে নেতিবাচক মন্তব্য করেছেন। তাদের এই আচরণের কারণে কানাডার সঙ্গে সব বাণিজ্যিক আলোচনা বাতিল করা হলো।”

সাম্প্রতিক বিতর্কিত ভিডিওটি অন্টারিও রাজ্য সরকার কয়েকদিন আগে প্রকাশ করেছিল। এতে দেখা যায়, রিগ্যান শুল্ক নিয়ে মন্তব্য করছেন, পাশাপাশি নিউ ইয়র্ক স্টক এক্সচেঞ্জ এবং যুক্তরাষ্ট্র ও কানাডার পতাকা যুক্ত ক্রেনের ছবি দেখানো হয়েছে। ভিডিওতে রিগ্যানের বক্তব্য ১৯৮৭ সালে জাতির উদ্দেশে দেওয়া এক রেডিও ভাষণ থেকে নেওয়া হয়েছে, যেখানে তিনি বিদেশের সঙ্গে বাণিজ্য নিয়ে আলোচনা করেছিলেন।

এর আগে ট্রাম্প প্রশাসন কানাডা থেকে আমদানিকৃত পণ্যের ওপর ৩৫ শতাংশ শুল্ক আরোপ করেছিল। তবে ইউএসএমসিএ-র আওতায় পড়া পণ্যের জন্য তিনি ছাড়ের অনুমতি দিয়েছিলেন। উল্লেখ্য, ইউএসএমসিএ হলো মেক্সিকো ও কানাডার সঙ্গে যুক্তরাষ্ট্রের একটি মুক্ত বাণিজ্য চুক্তি, যা ট্রাম্প তার প্রথম মেয়াদে বাস্তবায়ন করেছিলেন।